

প্রশ্ন পুড়ে গেছে, ১১ আগস্টের এইচএসসি পরীক্ষা হচ্ছে না

অনলাইন ডেস্ক

মঙ্গলবার, ০৬ আগস্ট,
২০২৪ ১৪:৫১

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

দেশের বিভিন্ন স্থানে চলা সহিংসতায় এইচএসসি ও সমমান পরীক্ষার প্রশ্নপত্র পুড়ে যাওয়ায় আগামী ১১ আগস্টের এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে না।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার মঙ্গলবার (৬ আগস্ট) এ তথ্য জানিয়েছেন।

আরো পড়ুন



বাংলাদেশ ব্যাংকে সাংবাদিক প্রবেশে নিষেধাজ্ঞা প্রত্যাহার

তিনি বলেন, ‘আমরা বিভিন্ন থানায় যে প্রশ্ন পাঠিয়েছিলাম সেগুলো পুড়ে গেছে। নতুন করে আবার প্রশ্ন ছাপাতে হবে।

এই পরিস্থিতিতে পরীক্ষা নেওয়া সম্ভব হবে না।’

কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সৃষ্ট সহিংসতায় শিক্ষার্থীদের নিরাপত্তার কথা বিবেচনা করে দফায় দফায় চলমান এইচএসসি ও সমমান পরীক্ষা স্থগিত করা হয়। তিন দফায় আট দিনের পরীক্ষা স্থগিত করেছে বোর্ডগুলো। পরে ১১ আগস্ট থেকে নতুন সময়সূচিতে পরীক্ষা নেওয়ার কথা জানানো হয়।

তবে প্রশ্নপত্র পুড়ে যাওয়ায় ওইদিনের পরীক্ষাও স্থগিত করা হয়েছে।

আরো পড়ুন



১১ আগস্ট শুরু হচ্ছে না স্থগিত এইচএসসি পরীক্ষা

চলমান পরিস্থিতিতে প্রথমে গত ১৮ জুলাইয়ের এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়। এরপর পরিস্থিতি আরও খারাপ হওয়ায় ২১, ২৩ ও ২৫ জুলাইয়ের সব পরীক্ষা স্থগিত করা হয়। তৃতীয় দফায় ২৮ জুলাই থেকে ১ আগস্ট পর্যন্ত সময়সূচি অনুযায়ী যত পরীক্ষা ছিল, তা সব স্থগিত করে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

আরো পড়ুন



পুলিশ সদর দপ্তরসহ ২০ থানায় হামলা-ভাঙচুর ও অগ্নিসংযোগ

গত ৩০ জুন এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়। চলতি বছর ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, কারিগরি বোর্ড ও মাদরাসা বোর্ডের অধীনে মোট পরীক্ষার্থী ১৪ লাখ ৫০ হাজার ৭৯০ জন।



কালের কণ্ঠের খবর পেতে গুগ